



গবি হেলথ ক্লাবের আয়োজনে জুনোটিক রোগ বিষয়ে সচেতনতামূলক ক্যাম্পেইন



ছবি: প্রতিনিধি

বিশ্ব ভেটেরিনারি দিবস উপলক্ষে সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) ‘পেট হেলথ ও জুনোটিক রোগ বিষয়ে সচেতনতামূলক ক্যাম্পেইন’ অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২৬ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের বাদামতলায় গবি হেলথ ক্লাবের উদ্যোগে দিনব্যাপী এ কর্মসূচি আয়োজন করা হয়।

দিনব্যাপী এ ক্যাম্পেইনে পোষা প্রাণীর স্বাস্থ্য সুরক্ষা এবং প্রাণী থেকে মানুষের মধ্যে সংক্রমিত হওয়া বিভিন্ন রোগ সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করতে লিফলেট বিতরণ করা হয়। একই সঙ্গে পোষা প্রাণীর নিয়মিত পরিচর্যা, সময়মতো টিকাদান এবং স্বাস্থ্যবিধি মেনে চলার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়।

ক্লাবটির উপদেষ্টা অধ্যাপক ডা. শাকীল মাহমুদ বলেন, “জুনোটিক রোগ এমন এক ধরনের সংক্রমণ, যা প্রাণী থেকে মানুষের মধ্যে ছড়িয়ে পড়তে পারে এবং অনেক ক্ষেত্রে তা গুরুতর আকার ধারণ করে। বাংলাদেশে গৃহপালিত প্রাণীর সঙ্গে মানুষের ঘনিষ্ঠ সংস্পর্শ থাকায় এ ঝুঁকি তুলনামূলক বেশি। তাই সচেতনতা বৃদ্ধি এ ক্ষেত্রে সবচেয়ে কার্যকর উপায়।”

তিনি আরও বলেন, পোষা প্রাণীর নিয়মিত টিকাদান নিশ্চিত করার মাধ্যমে এ ধরনের রোগ প্রতিরোধ সম্ভব। একই সঙ্গে প্রাণী স্পর্শের পর নিয়মিত হাত ধোয়া এবং কাঁচা বা আধাসিদ্ধ খাবার পরিহার করার পরামর্শ দেন তিনি।

গণ বিশ্ববিদ্যালয় হেলথ ক্লাবের সভাপতি ফারিয়া হক বর্ষা বলেন, “প্রাণী ও মানুষের স্বাস্থ্য একে অপরের সঙ্গে গভীরভাবে সম্পর্কিত। পোষা প্রাণীর সঠিক যত্ন, নিয়মিত টিকাদান এবং স্বাস্থ্যবিধি মেনে চলার মাধ্যমে অনেক সংক্রামক রোগ প্রতিরোধ করা সম্ভব। এ ধরনের আয়োজন সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

ক্লাবের নেতৃত্ব জ্ঞানান, ভবিষ্যতে গ্রাম ও শহরের বিভিন্ন স্থানে এ ধরনের সচেতনতামূলক ক্যাম্পেইন, বিনামূল্যে ভেটেরিনারি সেবা প্রদান এবং ‘ওয়ান হেলথ’ ধারণা ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে।